# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর অক্টোবর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ২৪/১০/২০২৪ খ্রিঃ।
সময় : বেলা-১০.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ১৯/০৯/২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের আগস্ট, ২০২৪ মাসের আয় ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সেপ্টেম্বর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী (নিচের সারণি দ্রষ্টব্য) | | |

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সেপ্টেম্বর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| সেপ্টেম্বর/২০২৪ মাসের আয় | টাকা | সেপ্টেম্বর/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা | ১,০০৮,৮৩৯.৯৫ | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল এবং চেক ইস্যু বাবদ ব্যাংক কর্তৃক কর্তন। | ৭০,৮৮৪ |
| উপজেলা পরিষদের অফিস ভাড়া | ৮,৪০০ | | - |
| উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানের ঝড়ে উপড়ে পড়া গাছ নিলাম | ৪,০০০ | | - |
| উপজেলা পরিষদের দোকানের বকেয়া ভাড়া আদায় | ১২,০০০ | | - |
| মোট= | ১,০৩৩,২৩৯.৯৫ | মোট= | ৭০,৮৮৪ |
| প্রারম্ভিক জের= | ৫৬৯,০৯৪ | সমাপ্তি জের/ব্যালান্স= | ১,৫৩১,৪৪৯.৯৫ |
| সর্বমোট = | ১,৬০২,৩৩৩.৯৫ | সর্বমোট = | ১,৬০২,৩৩৩.৯৫ |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের সেপ্টেম্বর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| সেপ্টেম্বর/২০২৪ মাসের আয় | টাকা | সেপ্টেম্বর/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| মোট প্রাপ্ত | - | মোট ব্যয়/খরচ | - |
| প্রারম্ভিক মোট | ৫৬,৪১,৯৭২.৬৯ | সমাপ্তি জের/ব্যালান্স | ৫৬,৪১,৯৭২.৬৯ |
| সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ | সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছো আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছো

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, কার্যক্রম শুরু হয়েছে। কালিয়া উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন রেজিষ্ট্রেশনের মাধ্যমে ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথ প্রতিপালন পূর্বক হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের টিকা প্রদান কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রনোদনা বাবদ ৫,৫৫০ জন কৃষকদের মাঝে বিনামুল্যে রবি শস্যের বীজ বিতরণের জন্য তালিকা প্রনয়ন করা হয়েছে। অতিবৃষ্টি ও পাহাড়ী ঢল এর কারনে প্রায় ১৯৮০ কৃষকের ক্ষতি হয়েছে যার তালিকা প্রনয়ন কাজ চলমান রয়েছে। পাশাপাশি প্রনোদনা বাবদ ৭০০ জন কৃষকদের মাঝে হাইব্রিড বীজ ও ১০০০/- (এক হাজার) টাকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ঘুর্ণিঝড় দানা মোকাবেলায় কৃষদের সতর্ক করা হয়েছেল। কৃষদের মাঠের পাকা ফসল দ্রুত কেটে ঘরে তোলার জন্য বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৪.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রনোদনা বাবদ বিনামুল্যে রবি শস্য বিতরণ কার্যক্রম শতভাগ সচ্ছতার সহিত পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.খ) নির্ধারিত সময়ের মধ্যে কৃষকদের মাঝে বীজ ও বরাদ্দকৃত অর্থ শতভাগ সচ্ছতার সহিত বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.গ) ঘুর্ণিঝড় দানা মোকাবেলায় কৃষদের সতর্ক করাসহ দাপ্তরিক ভাবে সহযোগিতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে **'climate smart agriculture and water management'** প্রকল্পের আওতায় এ উপজেলার বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ দিয়ে সর্বমোট ১,৭২৪ (এক হাজার সাতশত চব্বিশ) কেজি মাছের পোনা উপজেলার বিভিন্ন জলাশয়ে অবমুক্ত করা হয়েছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ১৩/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে আগামী ০৩/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত চলমান থাকবে। পাশাপাশি ২৪/১০/২০২৪ খ্রিঃ তারিখ ১৫টি মাছের প্রদর্শনী (পাঙ্গাস, কার্প জাতীয়, গুলসা, কৈ) কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৫.ক) সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক মা ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫.খ) ১৫টি মাছের (পাঙ্গাস, কার্প জাতীয়, গুলসা, কৈ) প্রদর্শনী কার্যক্রম শতভাগ স্বচ্ছতার সাথে পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, অত্র উপজেলায় ৬৫,০০০ টি ছাগল/ভেড়ার পিপিআর ভ্যাকসিন বিনামূল্যে প্রদান করা হয়েছে। তার মধ্যে বাবরা হাচলা-৪,৩০০টি, পুরুলিয়া-৪,০০০টি, মাউলী-৪,৫০০টি, পড়লী-৪,২০০টি, পাঁচগ্রাম-২,৯০০টি, হামিদপুর-৪,৩০০টি, খাশিয়াল-৪,৫০০টি, জয়নগর-৭,১০০টি, বাঐসোনা-৪,০০০টি, পহরডাঙ্গা-৪,০০০টি, কলাবাড়িয়া-৪,৫০০টি, বড়নাল ইলিয়াছাবাদ- ২,৭০০টি, সালামাবাদ- ৩,৬০০টি, চাঁচুড়ী- ৩,৯০০টি, পৌরসভা-৬,৫০০টি পিপিআর ভ্যাকসিন বিনামূল্যে প্রদান করা হয়েছে। পাশাপাশি প্রানিসম্পদও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় কালিয়া পৌরসভায় ৩০ জন উপকারভোগীর মাঝে ৬টি, চাঁচুড়ী ইউনিয়নে ৩০ জন উপকারভোগীর মাঝে ৬টি এবং হামিদপুর ইউনিয়নে ৩০ জন উপকারভোগীর মঝে ১০টি করে খাদ্যের পাত্র ও পানির পাত্র সরবরাহ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে প্রয়োজনীয় ভ্যাকসিন প্রদান করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পে ৫ টি প্যাকেজে ১৪ টি সেতু/কালভার্ট নির্মাণের অনুমোদন পাওয়া যায়। যার মধ্যে ৩টি গার্ডার সেতু এবং ৩ টি বক্স কালভার্ট মোট ৬ টি সেতু/কালভার্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অরথ বছরে বীর নিবাস নির্মাণ প্রকল্পে ৩ টি প্যাকেজে ১২ টি বীর নিবাস নির্মাণের অনুমোদন পাওয়া যায়। যার মধ্যে ৬ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তন্মধ্যে কালিয়া পৌরসভার ০৭ নং ওয়ার্ডের বেন্দারচর গ্রামে বীর মুক্তিযোদ্ধা রতন সরদারের বাড়ি, চাঁচুড়ী ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের বিষ্ণুপুর গ্রামে বীর মুক্তিযোদ্ধা আঃ সাত্তার মোল্যার বাড়ি ও পুরুলিয়া ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের কলামনখালী গ্রামের বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেনের বাড়ি, ০৭ নং জয়নগর ইউনিয়নের ওয়ার্ডের দেবদুন গ্রামে মৃত: বীর মুক্তিযোদ্ধা কাজী আঃ রাজ্জাকের বাড়ি ও মৃত: বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেনের বাড়ি, কলবাড়িয়া ইউনিয়নের কলাবাড়িয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা এস, এম জাফর আহম্মেদের বাড়ি বীর নিবাস প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৭.ক) প্রাক্কলন মোতাবেক গুনগত মান বজায় রেখে নিয়মিত পরিদর্শণ পূবক গৃহীত পকল্পের কাজ যথাযথ সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭.খ) পরবর্তী সভায় নির্মাণ কাজের অগ্রগতি উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানা যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গেছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যায়নি। প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। কালিয়া উপজেলার ১টি পৌরসভা ও ১৪টি ইউনিয়নের মৃত ভাতাভোগীর বদলে ভাতা পাবার যোগ্য ব্যক্তি প্রতিস্থাপনের জন্য তালিকা চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ফলস্বরুপ পুরুলিয়া, পাঁচগ্রাম, পেড়লী, বাঐসোনা, পহরডাঙ্গা, জয়নগর, হামিদপুর, মাউলী ইউনিয়ন থেকে তালিকা পাওয়াগেছে। বাকি ৬টি ইউনিয়ন ও ১টি পৌরসভা থেকে তালিকা পাওয়া যায় নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৮.ক) নির্ধারিত সময়ের মধ্যে কালিয়া উপজেলার প্রতিটি ইউনয়ন হতে প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.খ) অবশিষ্ট ৬টি ইউনিয়ন ও ১টি পৌরসভা থেকে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে প্রতি মাসে ০৫টি করে মাতৃত্ব ভাতার বরাদ্দ রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই-আগস্ট মাসের ভিজিডির চাল বিতরণ করা হয়েছে। সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩-২০২৪ অর্থবছরে ৯(নয়) জনকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হরে সর্বমোট ২,২৫,০০০/- (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে কোন ঋণ প্রদান করা হয়নি। ঋণ আদায়ের হার ৬০%। ২০২৪-২০২৫ অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। অত্র উপজেলায় ২,৩৬৩ (দুই হাজার তিনশত তেষট্টি) জন ভিডব্লিউবি উপকারভোগী রয়েছে। উক্ত কর্মসূচীতে নতুন প্রশিক্ষণার্থী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১০.ক) ২০২৪-২০২৫ অর্থবছরে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের ভিজিডির চাল বিতরণের সময় ট্যাগ অফিসার এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>খ) ট্যাগ অফিসার, কালিয়া, নড়াইল।<br>গ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অক্টোবর/২০২৪ মাসে ০১টি ব্যাচে ৩০ জন যুব/যুব মহিলাকে গবাদি পশু পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। তন্মধ্যে পুরুষ-১৯ জন ও মহিলা-১১ জন। চলতি অর্থ বছরে ০৫ জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ৯,০০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়। চলতি মাস পর্যন্ত বিতরণকৃত টাকা আদায়যোগ্য হয়নি। এছাড়া ইমপ্যাক্ট প্রকল্পের বায়োগ্যাসপ্লান্ট নির্মাণের জন্য ০৫ আবেদনকারীকে ৫০,০০০/- টাকা করে সর্বমোট ৩,৫০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ১০ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভিন্ন সময়ে ট্রেনিংসহ সভা অনুষ্ঠিত হয়ে থাকে। একই দিনে বা সময়ে কয়েকটি অফিসের ট্রেনিং/সভার সিডিউল দেওয়া হয়ে থাকে। উপজেলা পরিষদের নতুন একটি হলরুম থাকায় ট্রেনিং/সভা কার্যক্রম পরিচালনায় বাধাগ্রস্থ হতে হয়। কিন্তু উপজেলা পরিষদের পুরাতন একটি হলরুম রয়েছে। পুরাতন হলরুমটির টুকিটাকি মেরামত করলে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের ট্রেনিং এবং সভা উক্ত হলরুমে পরিচালনা করা যাবে। তিনি পুরাতন হলরুমটি টুকিটাকি মেরামত এবং রং করার জন্য একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। তিনি আরো বলেন, উপজেলা পরিষদের হেলিপ্যাডের দীর্ঘ দিন যাবৎ গেট না থাকায় উক্ত স্থানদিয়ে বিভিন্ন সময়ে বহিরাগতদের আগমন লক্ষ্য করা যাচ্ছে। যার ফলে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ নীরপত্তাহীনতায় ভুগছেন এবং যে কোন সময়ে অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন। পাশাপাশি উপজেলা পরিষদ চত্তর ঢোকার জন্য প্রায় ০৬টি স্থান রয়েছে। কিন্তু উক্ত ০৬টি স্থানের যথাযথ নিরাপত্তার জন্য কোন গেইট নেই। তিনি বলেন উপজেলা পরিষদে | বিস্তারিত আলোচনান্তে,<br>১২.ক) উপজেলা পরিষদের পুরাতন হলরুমটি টুকিটাকি মেরামত ও রং করণ প্রকল্পটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প কমিটির (পরিশিষ্ট্য-ক) মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.খ) উপজেলা পরিষদে যাতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে সে লক্ষ্যে নিরাপত্তা জোরদার করার জন্য উপজেলা পরিষদ চত্তরের ঢোকার জন্য একটি মেইন গেট রেখে বাউন্ডারী ওয়ালের ফাঁকা স্থান গুলো স্থায়ী ভাবে বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মুল একটি গেইট রেখে জরুরি ভিত্তিতে বাকি স্থানগুলো বন্ধ করলে উপজেলা পরিষদে নিরাপত্তা জোরদার করা সম্ভব হবে। তিনি উপজেলা পরিষদের একটি মুল গেট রেখে অনন্য ফাঁকা স্থান গুলো ইট বালু দিয়ে পুরাপুরি আটকানোর প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল সদস্যগণ উপজেলা প্রকৌশলীর প্রস্তাবগুলো সমর্থণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | | |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় কালিয়া উপজেলার বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নে ০২টি সাবমার্সিবল উৎপাদক নলকূপের মাধ্যমে ৮.০০কিঃমিঃ এলাকায় বিশুদ্ধ পানির ব্যবস্থার জন্য টেন্ডার কার্যক্রম সমাপ্ত হয়েছে। দ্রুত কাজ আরম্ভ হবে। মন্ত্রণালয়ের ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখের নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহের প্রাপ্ত বরাদ্দের সাইট নির্ধারণের জন্য প্রধান ভূমিকা পালন করবেন উপজেলা নির্বাহী অফিসার এবং সমন্বয়কারী হিসাবে দায়িত্ব পালন করবেন সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর। এ উপজেলার ইউনিয়নওয়ারী বিবেচনায় উক্ত প্রকল্পের সকল নলকূপের গড় গভীরতা ৮৩০' (আটশত ত্রিশ) ফুট নিধারণ করে কাজ সম্পন্ন করা হয়। জনসাধারণের বিভিন্ন স্বাস্থ্যজনিত সমস্যা প্রতিরোধে তার দপ্তর হতে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং ব্লিচিং পাউডারসহ বিভিন্ন ম্যাটেরিয়ালস গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৩.ক) নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের সকল কাজ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রতিপালন পূর্বক দ্রুত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.খ) জনসাধারণের বিভিন্ন স্বাস্থ্যজনিত সমস্যা প্রতিরোধে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিয়া, নড়াইল হতে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং ব্লিচিং পাউডারসহ বিভিন্ন ম্যাটেরিয়ালস প্রদান করা হয় মর্মে জনসাধারণদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের অক্টোবর/২০২৪ মাস পর্যন্ত ঋণ বিতরণের পরিমান ১,৩৬,৯৪,০০০/- (এক কোটি ছত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকা, আদায় ৭৬,০০,৩৫৩/- (ছিয়াত্তর লক্ষ তিনশত তিপ্পান্ন) টাকা, অনাদায়ী ৬৮,৯১,৫৭৫/- (আটষট্টি লক্ষ একানব্বই হাজার পাঁচশত পচাত্তর) টাকা এবং আদায়ের হার ৫৩%। পাশাপাশি অনলাইনে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রক্রিয়ার কার্যক্রম চলু হয়েছে। সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান আছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৪.ক) আশ্রয়ণ-২ প্রকল্পে অনাদায়ী ঋণ দ্রুত আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৪.খ) যে যে খাতে ঋণ প্রদান করা হয়েছে ঋণ গ্রহিতা উক্ত খাতে ঋণের অর্থ বিনিয়োগ করেছেন কিনা তা সরেজমিনে যাচাইয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অক্টোবর/২০২৪ মাসে ৯/-(নয়) টাকা মূল্যে ৯৯০ (নয়শত নব্বই) টি চারা বিক্রয় হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলাকে দুষণমুক্ত করার লক্ষ্যে গাছলাগানোর উপর জোর দেওয়ার জন্য ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষা আসন্ন। উক্ত পরীক্ষায় সকল শিক্ষার্থীদের অংশগ্রহণ বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ হতে না পারলে সে সকল শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ বিষয়ে শিক্ষার্থীর পরিবারকে অবগত করাতে হবে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির জন্য প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশের আয়োজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই/২০২৪ মাসে ২৬টি এবং আগস্ট/২০২৪ মাসে ২৪টি স্মার্টকার্ড বিতরণ করা হয়েছে। তার দপ্তর হতে প্রতি মঙ্গল বার স্মার্ট কার্ড দেওয়া হয়। জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য প্রাথমিক পর্যায়ে ২৩৬/- (দুইশত ছত্রিশ) টাকা সরকরি ফি চালান মারফত জমা দিতে হবে। তবে একের অধিকবার জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য সরকারি ফি বৃদ্ধি পাবে। ভোটার এলাকা পরিবর্তনের জন্য কোন সরকারি ফি নেই। এর বাইরে যদি কেউ কোন টাকা দাবী করে তা হলে বিনা সংকোচে উপজেলা নির্বাচন অফিসারকে অবগত করার জন্য বলেন। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, শুধুমাত্র সরকার নির্ধারিত ফি গ্রহণপূর্বক হয়রানিমুক্ত এবং স্বচ্ছতার সহিত কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল বদলি হওয়ায় নতুন অফিসার এখনো যোগদান না করায় এ দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | নতুন অফিসার যোগদান করার পর তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপন করা হবে। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী বিদ্যুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি বলেন বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তার মধ্যে কালিয়া পৌরসভায় প্রায় ৬৫,০০,০০০/- (পয়ষট্টি লক্ষ) টাকা এবং বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নে ৬০-৬৫ মাসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |
| ২১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, অক্টোবর/২০২৪ মাসে মোট আয় ৩,৭০,৮৪০/-, মোট ব্যয় ৪,২৯,৯৫০/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত লক্ষ্য মাত্রা ১৫,০০,০০০/- অর্জন ৪,৩৫,০০০/- হার ২৯%, নারী উদ্যোক্তা ঋণ খাতের লক্ষ্য মাত্রা ৫,০০,০০০/- অর্জন ৯,৫০,০০০/- হার ১৯০%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণবিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১০,৮৫,০০০/-, অর্জন ১১,০০,০০০/- হার ১০১%, প্রনোদনা ঋণ বিতরণ (কোভিড ঋণ) খাতের লক্ষ্য মাত্রা ৩,০০,০০০/- অর্জন ২,০০,০০০/- হার ৬৭% এবং কৃষি জীবিকায়ন ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা ২,০০,০০০/- অর্জন নাই। আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে অত্র উপজেলার ইউনিয়ন পর্যায়ে সুফল ভোগীদের নিয়ে ২৫ জনের দল গঠন করে বিভিন্ন আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |
| ২২ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল। |
| ২৩ | বিবিধ-১ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ভবন, উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর অফিসের ভবন, পুরাতন জেলখানা ভবন, পুরাতন সাবরেজিষ্ট্রি অফিস ভবন, অফিসার্স কোয়াটার ভবন ও অন্যান্য অফিসের ভবনের ছাদে ও দেওয়ালে বট পাকুড়ের গাছসহ নানান ধরনের আগাছা জন্মেছে। এ সকল ভবন থেকে জরুরী ভিত্তিতে বটপাকুড় গাছ ও আগাছা পরিষ্কার না করলে ভবনের ক্ষতিসহ যে কোন সময় পুরাতন ভবন ভেঙ্গেপড়ে দুর্ঘটনা ঘটতে পারে বলে জানান। তিনি আরো বলেন, উপজেলা পরিষদের পুরাতন হলরুমের ছাদের উপর অনেক প্রজাতির গাছের ডালপালা ভবনের ছাদের সাথে মিশে রয়েছে । গাছের ডাল ভবনের ছাদের সাথে মিশে থাকায় এবং গাছের পাতা পড়ে ছাদ ড্যাম হয়ে যাচ্ছে। উক্ত ভবনটির উপরের গাছের ডালপালা এবং ছাদের উপরের পড়ে থাকা আবর্জনা পরিষ্কার না করলে ভবনটির স্থায়িত্ব হ্রাস পাবে বলে জানান। পাশাপাশি উপজেলা পরিষদের নতুন হলরুমটির ছাদের উপরেও অনেক গাছের মরা ডালপালাসহ পাতা পড়েছে ও আগাছা জন্মেছে। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের ভবনগুলোর স্থায়িত্ব ও দুর্ঘটনা এড়াতে জরুরি ভিত্তিতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদের পুরাতন ভবন, উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর অফিসের ভবন, পুরাতন জেলখানা ভবন, পুরাতন সাবরেজিষ্ট্রি অফিস ভবন, অফিসার্স কোয়াটার ভবন, পুরাতন হলরুম ভবন, নতুন হলরুম ভবন ও অন্যান্য অফিসের ভবনের ছাদে ও দেওয়ালে বট পাকুড়ের গাছসহ নানান ধরনের আগাছা ও ছাদের | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় উপজেলা প্রকৌশলী উক্ত ভবনগুলির স্থায়ীত্ব বৃদ্ধির জন্য ভবনগুলির আগাছা ও আবর্জনা জরুরিভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল সদস্যগণ উক্ত প্রস্তাবটি সমর্থণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | উপরের ডাল, ছাদে জমেথাকা আবর্জনা পরিস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪- ১১২০ (৫০)

তারিখ: ২৭/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা ....................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

২৭/১০/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।